

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬
ফ্যাক্সঃ ৮০৩৫০৫৩, ই-মেইলঃ jpu38@yahoo.com



স্মারক নং-৪১.০২.০০০০.০০৬.০০.০৫৫.২০১৮- ১৭৯

তারিখঃ ২১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর কল্যাণ তহবিলের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে বেসরকারি সংস্থার অনুকূলে
অনুদান বরাদ্দকরণ সংক্রান্ত।

সূত্র : জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের স্মারক নং-৪১.০২.০০০০.০০৬.০০.০৫৫.২০১৮-৬০১, তারিখ : ১৪ জুলাই ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে দৈনিক ইণ্ডেফাক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে প্রতিবন্ধী জনগোষ্ঠীর উন্নয়নকল্পে তাঁর সংস্থার প্রকল্প প্রস্তাব সম্বলিত আবেদন এবং কর্মপরিকল্পনা পর্যালোচনা করে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কল্যাণ তহবিল থেকে অনুদান বাবদটাকা বরাদ্দ করা হলো।

০২। অনুদানের অর্থ প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন ও কল্যাণকল্পে নিম্নোক্ত খাতসমূহে যথাযথভাবে ব্যয় করতে হবেঃ


- (ক) প্রতিবন্ধী ব্যক্তিদের আয়বর্ধক খাতে আর্থিক সহায়তা প্রদান ;
(খ) প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা উপকরণ সরবরাহকরণ ;
(গ) সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা সেবা প্রদান;
(ঘ) প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়ক উপকরণ প্রদান।

(ঙ) তবে শর্ত থাকে যে, এ ক্ষেত্রে সংস্থার নিজস্ব তহবিল থেকে অন্যান্য সমপরিমাণ অর্থ ব্যয় করতে হবে এবং চিকিৎসা সেবা গ্রহণকারী প্রতিবন্ধী ব্যক্তিদের নাম, প্রতিবন্ধিতার ধরণ, ঠিকানা ও স্বাক্ষর/টিপসহি সম্বলিত তালিকা ফাউন্ডেশন কার্যালয়ে প্রেরণ করতে হবে। উপকরণাদিতে “জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সমাজকল্যাণ মন্ত্রণালয়” কথাটি মুদ্রণ করতে হবে।

(চ) চেক গ্রহণ পরবর্তী ০২(দুই) মাসের মধ্যে নির্ধারিত খাতসমূহের বিপরীতে অনুদানের অর্থ প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে উপ-পরিচালক, জেলা সমাজসেবা/উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ স্থানীয় প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা এর মাধ্যমে বিতরণ করতে হবে এবং প্রতিবেদন স্থানীয় প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তার মাধ্যমে প্রতিস্বাক্ষরিত হতে হবে।

(ছ) ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে সরকারি বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৩। উপরে বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে বরাদ্দকৃত অনুদান এর আওতায় নির্ধারিত কর্মপরিকল্পনা মোতাবেক যথাযথ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অংশীকারনামায় স্বাক্ষর করে আগামী ১২-৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কার্যালয় (সুবর্ণ ভবন, এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা) এ সংশ্লিষ্ট সংস্থার প্রধান / সংস্থা কর্তৃক মনোনিত উপযুক্ত প্রতিনিধিকে (চেয়ারম্যান/ নির্বাহী পরিচালক/মহাসচিব/ সমন্বয়ক) পরিচিতির জন্য সংস্থার রেজিস্ট্রেশন এর মূল কপিসহ অনুদানের চেক গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ বাবদ অত্র দপ্তর থেকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


(মোঃ হামিদুল হক)
৫.৯.২০২১

(যুগ্মসচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

☎ ৮০৩৫০৪৬

.....
.....
.....